দৈনিক
ইত্তেফাক

তারিখ 05 DEC 2017
পৃষ্ঠা ...৬... কলাম ...৮...

# শিক্ষক জাবির, চাকরি করেন এনজিওতে

## তদন্ত কমিটি গঠন, অভিযোগ স্বীকার

■ **নিলয় মামুন, জাবি সংবাদদাতা**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের এক শিক্ষকের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের আইন ভঙ্গ করে অনুমতি না নিয়েই ফুল টাইম এনজিও সংস্থায় চাকরি করার অভিযোগ উঠেছে। অভিযুক্ত আশরাফুল হক এনজিও সংস্থায় চাকরির কারণে ক্লাস নেন না মাসের পর মাস। এতে ক্ষতিগ্রস্ত হচ্ছেন ওই বিভাগের শিক্ষার্থীরা। বিষয়টি জানাজানি না হওয়ায় এতদিন তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেননি বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরে বিষয়টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের কাছে গেলে গত বুধবার সিন্ডিকেটে এ বিষয়ে অধিক তদন্তের জন্য একটি কমিটি গঠন করা হয়। এই কমিটির প্রধান হিসেবে রয়েছেন উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম এবং সদস্য হিসেবে রয়েছেন দুই উপ-উপ্যাচার্য অধ্যাপক আমির হোসেন (প্রশাসন) এবং অধ্যাপক আবুল হোসেনসহ (শিক্ষা) ৭ জন শিক্ষক।

অনুসন্ধানে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক মুহাম্মদ আশরাফুল হক প্রায় তিন বছর যাবত ফুল টাইম চাকরি করছেন ইনোভেশন ফর পভার্টি অ্যাকশন নামের আন্তর্জাতিক একটি বেসরকারি সংস্থার বাংলাদেশ প্রধান হিসেবে। সংস্থাটির ওয়েবসাইটে গিয়ে দেখা যায়, প্রায় ২৩টি দেশের প্রধানের নামসহ যোগাযোগের ঠিকানা দেওয়া আছে সেখানে। আর যেখানে বাংলাদেশের দায়িত্বে রয়েছেন আশরাফুল হক। বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার অফিস সূত্রে জানা যায়, এই শিক্ষক কোনোরকম অনুমতি ছাড়াই দীর্ঘদিন এই ফুল টাইম চাকরি করছেন। যার কারণে তার ক্লাস থেকে বঞ্চিত হচ্ছেন শিক্ষার্থীরা।

এসব বিষয়ে জানার জন্য আশরাফুল হকের সাথে যোগাযোগ করা হলে, তিনি এই সংস্থায় চাকরির কথা স্বীকার করে বলেন, আমিই শুধু অনুমতি না নিয়ে চাকরি করছি নাকি? বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষকই কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে চাকরি করছেন। ক্লাস না নেওয়ার অভিযোগ তিনি অস্বীকার করেছেন।

এ বিষয়ে বিভাগের ভারপ্রাপ্ত সভাপতি হরে কৃষ্ণ কুণ্ড বলেন, আমি দুই তিন দিনের জন্য সভাপতির দায়িত্ব নিয়েছি। আমি এ বিষয়ে মন্তব্য করতে রাজি নই। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক আমির হোসেন দৈনিক ইত্তেফাককে বলেন, আমরা এ বিষয়ে অবহিত। একটি তদন্ত কমিটি হয়েছে। অভিযোগ প্রমাণিত হলে অপরাধ অনুযায়ী তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।